**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৭৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৭৭তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৭৭তম কমিশন সভা অদ্য ১৪/১০/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

অদ্যকার কমিশন সভায়, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সুপারিশসমূহ বিবেচনায় নিয়ে বিদ্যমান 'Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015' রহিত করে 'Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025' এর খসড়া অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। খসড়াটি জনমত যাচাইয়ের জন্য কমিশনের ওয়েবসাইট ও পত্রিকায় প্রকাশ করা হবে।

উল্লেখ্য, খসড়া 'Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025' অনুযায়ী স্টক এক্সচেঞ্জের সুপারিশের ভিত্তিতে বিএসইসি আইপিও'র চূড়ান্ত অনুমোদন প্রদান করবে। এছাড়াও প্রস্তাবিত নতুন রুলসটিতে আইপিও অনুমোদন প্রক্রিয়াকে আরো স্বচ্ছ ও জবাবদিহিতামূলক করার পাশাপাশি ইস্যুয়ার কোম্পানিসমূহে কর্পোরেট গভর্নেন্স, নিরীক্ষক ও ইস্যু ম্যানেজারদের দায়দায়িত্ব ও ভূমিকা (role) এর বিষয়ে বিস্তারিত উল্লেখ করা হয়েছে যার ফলে তাদের জবাবদিহিতা, স্বচ্ছতা ও দায়বদ্ধতাও বৃদ্ধি পাবে। একইসাথে এর মাধ্যমে আইপিও ভ্যালুয়েশন বা প্রাইসিং এর উন্নয়ন হবে যা ন্যায্য প্রাইসিং নিশ্চিত করবে। ন্যায্য প্রাইসিং নিশ্চিতের ফলে ভালো মৌলভিত্তিসম্পন্ন কোম্পানীসমূহ পুঁজিবাজারে তালিকাভুক্তিতে উৎসাহী হবে বলেই বিএসইসি'র প্রত্যাশা।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৪/১০/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র